

## Respect সম্পর্কে

সমাজ-বিরোধী আচরণ দূর করার লক্ষ্যে প্রতিষ্ঠিত সরকারের Respect নামের কর্মসূচীতে Circle Anglia (সার্কোল এংলিয়া) যোগ দিয়েছে। অসহ্য হৈচৈ বা উপদ্রব থেকে শুরু করে মারামারি, আক্রমণ কিংবা উৎপাত ইত্যাদি আচরণকে সমাজ-বিরোধী আচরণ হিসাবে গণ্য করা হয়।

আপনার এলাকায় সমাজ-বিরোধী আচরণ দূর করার জন্য আপনি কি কি করতে পারেন সে সম্পর্কে এই ওয়েবসাইটে সাহায্য ও পরামর্শ রয়েছে। এখানে পাবেন সমাজ-বিরোধী আচরণের ব্যাপারে সাহায্য সহায়তাকারী বিভিন্ন সংগঠনের যোগাযোগের বিবরণ, আমাদের পিয়ার সাপোর্ট নেটওয়ার্ক (পারস্পরিক সাহায্য সহযোগিতার নেটওয়ার্ক) এর একজন মেন্টর (নির্ভরযোগ্য পরামর্শদাতা) হিসাবে যোগদান সম্পর্কে তথ্য। এই ওয়েবসাইটের সাথে সরকারের Respect কর্মসূচীর ওয়েবসাইটের এবং অন্যান্য গুরুত্বপূর্ণ ওয়েবসাইটের সংযোগ (লিংক) রয়েছে।

সমাজ-বিরোধী আচরণ সম্পর্কে আপনার ল্যান্ডলর্ডকে জানানোর জন্য অনুগ্রহ করে নিম্নলিখিত নাম্বারগুলোতে ফোন করবেন:

- **Circle 33 Housing Trust (সার্কোল 33 হাউজিং ট্রাস্ট): 0845 769 7695**
- **Wherry Housing Association (হোয়েরি হাউজিং এসোসিয়েশন): 0845 600 1518**
- **South Anglia Housing (সাউথ এংলিয়া হাউজিং): 01279 714 706**
- **Old Ford Housing Association (ওল্ডফোর্ড হাউজিং এসোসিয়েশন): 020 7204 1500**

অন্য কোনো ভাষায় এই ওয়েবসাইটের কোনো অংশের অনুবাদ চাইলে অথবা মোটা হরফে, ক্যাসেটে রেকর্ড করে কিংবা ব্রেইলে (অক্ষলিপিতে) তা চাইলে অনুগ্রহ করে মার্কেটিং এন্ড কমিউনিক্যাশন টিমকে **020 7288 4000** নাম্বারে ফোন করুন নতুবা নিচের ঠিকানায় চিঠি লিখুন:

**Circle Anglia**  
Marketing & Communications  
1-7 Corsica Street  
London  
N5 1JG